

আনিসুল হককে হারানো অপূরণীয় ক্ষতি: মেয়র আতিকুল

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র মো. আতিকুল ইসলাম বলেছেন, মেয়র আনিসুল হক ভাইয়ের সঙ্গে আমার সম্পর্ক সুদীর্ঘ দিনের। তার মৃত্যুতে আমাদের অপূরণীয় ক্ষতি হয়েছে।

শনিবার আনিসুল হকের মৃত্যুবার্ষিকীতে বনানীতে কবর জিয়ারত ও শ্রদ্ধা নিবেদন শেষে এসব কথা বলেন মেয়র আতিকুল ইসলাম।

এসময় তিনি আরও বলেন, আমরা জীবনের বড় একটা সময় একসঙ্গে ব্যবসায়ী সংগঠন পরিচালনা করেছি। কত কত আড্ডা, ভালোলাগা সময়, ব্যবসা-সংক্রান্ত চ্যালেঞ্জ একসঙ্গে মোকাবেলা করেছি। মনে পড়ে দেশের তৈরি গার্মেন্ট শিল্পের সবচেয়ে ভয়াবহ সেই রানা প্লাজা সংকটের সময়। আমি বিজিএমইএ সভাপতি হিসেবে সবসময় তাকে পাশে পেয়েছি।

মেয়র আতিকুল ইসলাম বলেন, আনিস ভাই একাধারে দক্ষ সংগঠক, সফল ব্যবসায়ী, মিডিয়াব্যক্তিত্ব, সমাজসেবক ও একজন চমৎকার মানুষ ছিলেন। তবে তিনি সবচেয়ে বেশি আলোচনায় আসেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র হিসেবে।

তিনি বলেন, আনিস ভাই নির্বাচিত হওয়ার পরই উত্তর সিটিসহ পুরো ঢাকাবাসী নতুন করে স্বপ্ন দেখতে শুরু করে। তার মৃত্যুতে সবকিছু যেন থমকে গিয়েছিল। আমি ডিএনসিসির মেয়র হিসেবে নির্বাচিত হওয়ার পরে নতুন করে আবার শুরু করি, আনিস ভাইয়ের অসম্পূর্ণ কাজ সম্পূর্ণ করতে।

পরে মেয়র, কাউন্সিলর, উর্ধ্বতন কর্মকর্তা ও সর্বস্তরের কর্মচারীদের নিয়ে প্রয়াত মেয়র আনিসুল হকের আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত করা হয়।